
যুগান্তর

তারিখ 2 9 JAN 2007

# শিক্ষার্থীদের স্বপ্নদেশ ডেনমার্ক



মোহাম্মদ ফয়সাল *ডেনমার্ক থেকে*

বর্তমান বিশ্বে ছাত্রছাত্রীদের জন্য সবচেয়ে আকর্ষণীয় দেশ হচ্ছে ডেনমার্ক এবং আকর্ষণীয় স্থান হচ্ছে এর রাজধানী কোপেন হেগেন। কারণ জানতে চান? বিশ্বের সবচেয়ে সমৃদ্ধশালী দশটি দেশের তালিকা নিয়ে যদি ওই দেশে অধ্যয়নরত বিদেশী স্টুডেন্টদের সুয়োগ-সুবিধার ওপর সচেতন যে কোনও ছাত্র একটু গবেষণা করে তাহলে এ তথ্যটি বেরিয়ে আসে। চলুন দেখি ডেনমার্কে স্টুডেন্টরা কী কী সুযোগ-সুবিধা পেয়ে থাকে এবং আমি ডেনমার্কের সঙ্গে ইউএসের একটি তুলনামূলক চিত্র তুলে ধরতে চেষ্টা করব। প্রথমত, ডেনমার্কের বিভিন্ন কলেজ-বিশ্ববিদ্যালয়ের টিউশন ফি তুলনামূলকভাবে আমেরিকার যে কোনও কলেজ-বিশ্ববিদ্যালয়ের চেয়ে অনেক কম। দ্বিতীয়ত, ডেনমার্কের ভিসা প্রসেস বা ভিসা পাওয়ার সম্ভাবনা আমেরিকার চেয়ে অনেক অনেক বেশি। তৃতীয়ত, ডেনমার্কের যে কোনও শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়া তুলনামূলকভাবে সহজ এবং অনেক ক্ষেত্রে TOEFL বা IELTS স্কোরের দরকার পড়ে না। চতুর্থত, পড়াশোনার পাশাপাশি Part time জব করে টাকা আয় করার জন্য ডেনমার্ককে স্বর্গ বলা চলে। পৃথিবীর কোনও দেশেই একজন স্টুডেন্ট যা আয় করতে পারে, ডেনমার্কের রাজধানী কোপেন হেগেনে একজন স্টুডেন্টের মাসিক আয় তার চেয়ে অনেক অনেক বেশি। যেখানে ইউএসএতে একজন স্টুডেন্ট ইন ক্যাম্পাস জব করে ঘণ্টাপ্রতি সর্বোচ্চ ৮ ডলার আয় করার সুযোগ পায়, সেখানে ডেনমার্কে সর্বনিম্ন ঘণ্টাপ্রতি ১৭ ডলার আয় করতে পারে। তবে মনে রাখতে হবে, যে কোনও স্টুডেন্ট যাতে কোপেন হেগেনের আশপাশের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়। পঞ্চমত, ডেনমার্ক হচ্ছে welfare state (কল্যাণমূলক রাষ্ট্র), অন্যদিকে আমেরিকা হচ্ছে capitalist রাষ্ট্র। কল্যাণমূলক রাষ্ট্রের প্রধান কাজই হচ্ছে সব জনগণের সর্বোচ্চ কল্যাণ নিশ্চিত করা এবং এ সূত্র ধরে বিদেশী সব স্টুডেন্টএখানে বিনামূল্যে চিকিৎসা সুবিধা পেয়ে থাকে, সেখানে ইউএসএতে হেলথ ইন্স্যুরেন্স ক্রয় করতে বেশ অনেক টাকাই ব্যয় করতে হয়। ষষ্ঠত, ডেনমার্কে একজন স্টুডেন্ট খুব সহজেই ডিপেনডেন্টদের নিয়ে (স্ত্রী-স্বামী-সন্তান) আসতে পারে এবং ডিপেনডেন্টদের full time work permit দেয়া হয়, যা ইউএসএতে অসম্ভব। একজন স্টুডেন্ট যখন ইউএসএতে F-1 ভিসা নিয়ে যায়, তখন ডিপেনডেন্টদের F-2 ভিসা পাওয়াই খুবই কঠিন এবং যদি F-2 ভিসা পায় তাহলে work permit পায় না। এমনকি তারা আমেরিকাতে পূর্ণ সময়কালীন পড়াশোনা করার সুযোগও পায় না। লেখাটি পড়ে যারা ডেনমার্কে স্টুডেন্ট হিসেবে আসতে চান, তাদের জন্য সুসংবাদ হচ্ছে Roskild Business college (www.rhs.dk) koge business college (www.kogebusiness college.com) বাংলাদেশে সেমিনার করতে যাচ্ছে এবং যতদূর শোনা যাচ্ছে বাংলাদেশে তাদের এজেন্ট নিয়োগ করতে যাচ্ছে। যদি এটি সত্যি হয়, তাহলে ডেনমার্কে পড়তে ইচ্ছুক বাংলাদেশী ছাত্রছাত্রীদের জন্য এটা হবে বিরাট সুসংবাদ।